4

দৈনিক সংবাদ

তারিখ 16 JAN 1997

পৃঃ 7 কলাম 16

জা'নগর ভার্সিটি

# পোষ্য ভর্তি নিয়ে দ্বন্দ্ব ঃ ভর্তি কমিটির সভাপতির পদত্যাগ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে ১৫ জন পোষ্য ভর্তিকে কেন্দ্র করে ভর্তি কার্যক্রমে এক অচলাবস্থা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে ইংরেজি বিভাগের দ্বন্দ্বের জের হিসেবে ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক হারুন-অর-রশিদ পদত্যাগ করলে এ অচলাবস্থা দেখা দেয়।

পোষ্য ভর্তি নিয়ে বিভাগের ছাত্রছাত্রীদের মধ্যে তীব্র অসন্তোষ ও ক্ষোভ দানা বেঁধেছে। গতকাল বুধবার ইংরেজি বিভাগের ছাত্রছাত্রীরা ১৫ জন পোষ্যের ভর্তি বাতিল করার দাবিতে এক ধর্মঘটের ডাক দেয়। পরে বিভাগীয় শিক্ষকদের অনুরোধের পরিপ্রেক্ষিতে তারা এ ধর্মঘট প্রত্যাহার করে নেয়।